

শিক্ষা ও ছাত্র রাজনীতির সংস্কার জরুরি: শিবির সভাপতি

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২০:৩২, ৪ ডিসেম্বর ২০২৪



বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের কেন্দ্রীয় সভাপতি মঞ্জুরুল ইসলাম। ছবি: সংগৃহীত।

বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের কেন্দ্রীয় সভাপতি মঞ্জুরুল ইসলাম বলেছেন, আমাদে দেশের প্রধান সংকট হলো শিক্ষার সংকট। যদি শিক্ষার সংস্কার না করা হয়, তাহলে বারবা বাইরের শক্তির, বিশেষ করে দিল্লির আনুগত্য মেনে চলতে হবে। তাই শিক্ষায় সংস্কার অত্য জরুরি। ছাত্ররাজনীতিতে নতুনত্ব নিয়ে আসা এবং শিক্ষার মান উন্নয়ন করা প্রয়োজন আমাদের দাসত্বের শৃঙ্খল থেকে মুক্তি পেতে হলে এই সংস্কার অপরিহার্য।

UNIBOTS

বুধবার (৪ ডিসেম্বর) বিকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক জোট আয়োজিত 'বিপ্লবোত্ত ছাত্র ঐক্য' শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে জবি সাংবাদিক সমিতি সাধারণ সম্পাদক সুবর্ণ আসসাইফের সঞ্চালনায় সভাপতিত্ব করেন জবি সাংবাদিক সমিতি সভাপতি মাহমুদুল হাসান তানভীর।

মঞ্জুরুল ইসলাম আরও বলেন, ছাত্রদের অধিকার আদায়ে আমাদের ঐক্যবদ্ধ হওয়া উচিত যদি রাজনৈতিক এজেন্ডা ছাত্রদের সঙ্গে সম্পর্কিত না থাকে, তবে ছাত্ররা সে রাজনীতি কখনে গ্রহণ করবে না। যদি ছাত্ররাজনীতিতে ছাত্রদের অধিকার সুরক্ষিত না হয়, তাহলে সে রাজনীতি ত্যাগ করা হবে। গত সাড়ে ১৫ বছর ধরে আমরা ক্যাম্পাসে শিক্ষার অধিকার ও নাগরিক অধিকার থেকে বঞ্চিত। যদি আমরা আমাদের অধিকার নিয়ে সচেতন না হই, তবে আমাদের বারবার আগস্টের মতো নির্যাতনের শিকার হতে হবে।

তিনি ছাত্র সংসদের প্রয়োজনীয়তা তুলে ধরে বলেন, গত ত্রিশ বছরে শুধুমাত্র ঢাব বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন হয়েছে। তাহলে প্রশ্ন আসে, আমাদের ভবিষ্যৎ নেতৃত্ব কীভাবে তৈরি হবে? আমাদের সংস্কার শুরু হবে ছাত্র সংসদের নির্বাচনের মাধ্যমে। ছাত্র সংসদ নির্বাচন ছাড়া ঐক্য সম্ভব নয়, এবং এটি ছাত্র রাজনীতির নতুন দিশা দেখাতে সাহায্য করবে।

মঞ্জুরুল ইসলাম বলেন, ক্যাম্পাসে মাদক, নারী নির্যাতন এবং শিক্ষার পরিবেশের অভাব ছিল এসব পরিস্থিতি থেকে মুক্তি পেতে হলে নির্বাচিত ছাত্র সংসদ প্রতিষ্ঠা করা প্রয়োজন। একটি সু ছাত্র সংসদই আমাদের ক্যাম্পাসের পরিবেশ ফিরিয়ে আনতে সক্ষম হবে।

আলোচনা সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলে সভাপতি রাকিবুল ইসলাম রাকিব, সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির, ছাত্র অধিকা পরিষদের নেতা বিন ইয়ামিন মোল্লা, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক রাফিকুজ্জামান ফরিদ এবং অন্যান্য সংগঠনের নেতৃবৃন্দ।

এছাড়া, মঞ্জুরুল ইসলাম আরও বলেন, ছাত্র সমাজের সঠিক নেতৃত্ব গড়ে তোলার জন্য ছাত্র সংগঠনগুলোর মধ্যে সমন্বয় এবং সচেতনতার প্রয়োজনীয়তা অপরিহার্য।
